



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭



রোড নং-২, ধানমন্ডি এলাকা, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ৫৮৬১০২৯৪; ফ্যাক্স : ৯৬৭৫৫২৯
www.dhakacitycollege.edu.bd

সূত্র নং :


তারিখ : ০৪/১১/২০২০

নোটিশ

জেলা পরিষদ, ঢাকা-এর স্মারক নং-জে,প,ঢা-প্রঃউঃ২৯/ শিক্ষা-৪/ ২০১৬-১৭/ ৯৩৪, তারিখ : ১১.১০.২০২০ এর প্রেক্ষিতে অত্র কলেজের ২০২০-'২১ সেশনের একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২০-'২১ অর্থবছরের ঢাকা জেলা পরিষদের রাজস্ব বাজেটের আওতায় ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা, গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২০ সালের এসএসসি/সমমান পরীক্ষায় কৃতিত্বে সঙ্গে উত্তীর্ণ হয়ে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আগামী ১০.১১.২০২০ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য বলা হচ্ছে।

- ১। আবেদনকারীকে ২০২০ সালের এসএসসি/সমমান পরীক্ষা বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপি ৫.০০ পেয়ে এবং অন্যান্য বিভাগে ৪.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। মুক্তিযোদ্ধা কোটা, প্রতিবন্ধী ও অতি দরিদ্র প্রার্থীগণের ক্ষেত্রে সকল বিভাগে সর্বনিম্ন জিপিএ ৪.০০ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন। নির্ধারিত জিপিএ এর কম জিপিএ প্রাপ্তগণ আবেদন করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রী ব্যতিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।
- ২। আবেদনকারীকে বৃত্তির জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ৩। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে :
 - ক) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।
 - খ) এসএসসি/সমমান পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
 - গ) ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জন্ম সনদপত্র দাখিল করতে হবে।
 - ঘ) পরিবারের বাৎসরিক আয়ের পরিমাণ উল্লখ করে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।
 - ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে প্রমাণস্বরূপ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/ মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত আবেদনকারীর পিতা/মাতা/দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযোদ্ধা বিষয়ক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে এবং আবেদনকারী যে পোষ্য তা যথাযথা কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত থাকতে হবে।
 - চ) প্রতিবন্ধী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৪। জেলা পরিষদ, ঢাকার কার্যালয়ের নোটিশ বোর্ড/জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড/ঢাকা জেলা শিক্ষা অফিসার এর কার্যালয়ের নোটিশ বোর্ডে আবেদন ফরমের নমুনা দেখা যাবে। জেলা পরিষদ, ঢাকার ওয়েবসাইট www.zpdhaka.org থেকে

- আবেদন ফরমের নমুনা ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে আবেদন ফরম প্রস্তুত করা যাবে। A4 সাইজের কাগজে ফটোকপি করা আবেদন ফরমও গ্রহণযোগ্য হবে।
- ৫। নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/সরাসরি (অফিস চলাকালীন) বৃত্তির আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কার্যালয়ে দাখিলা করা যাবে।
 - ৬। আবেদনকারী বর্তমানে অধ্যয়নরত না হলে বৃত্তি প্রাপ্তির জন্য বিবেচিত হবে না।
 - ৭। প্রয়োজনে বিস্তারিত তথ্যাদি জেলা পরিষদ, ঢাকা কার্যালয় এবং এর ওয়েবসাইট- www.zpdhaka.org থেকে জানা যাবে।
 - ৮। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
 - ৯। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইয়ের পরে যোগ্য প্রার্থীদের তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রদর্শন করা হবে এবং উক্ত তালিকায় বৃত্তি প্রদানের সময় ও স্থান জানানো হবে।


(প্রফেসর মো. আনোয়ার হোসেন)
অধ্যক্ষ 4.11.20
ঢাকা সিটি কলেজ
ঢাকা